# হিসাববিজ্ঞান
## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ জনাব হাসান মাসুদ এর রেওয়ামিল ও সমন্বয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

**জনাব হাসান মাসুদ**
**রেওয়ামিল**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৯,০০০ | |
| ২. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ৬২,০০০ | ৮২,০০০ |
| ৩. | শুল্ক | | ৬,০০০ | |
| ৪. | মজুরি (১৫ মাস) | | ৪,৫০০ | |
| ৫. | কমিশন | | ৪,০০০ | ৩,০০০ |
| ৬. | ব্যবসায়িক বাট্টা | | ১,০০০ | ২,০০০ |
| ৭. | বিমা সেলামি | | ৩,০০০ | |
| ৮. | ১০% ঋণ (৩০.০৬.১৫) | | | ৫০,০০০ |
| ৯. | পণ্য আনয়ন খরচ | | ৫,০০০ | |
| ১০. | দেনাদার | | ৪০,০০০ | |
| ১১. | মূলধন | | | ২৮,৫০০ |
| ১২. | কুঋণ | | ২,৫০০ | |
| ১৩. | কুঋণ সঞ্চিতি | | | ১,৫০০ |
| | | | ১,৬৭,০০০ | ১,৬৭,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা, যার বাজারমূল্য ৫% কম। ২. বিমা প্রিমিয়াম ৩০ এপ্রিল ২০১৬ পর্যন্ত এক বছরের জন্য। ৩. বাকিতে পণ্য ক্রয় ও বিক্রয় যথাক্রমে ৩,০০০ টাকা ও ৫,০০০ টাকা। ৪. দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয় অবশিষ্ট দেনাদারের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে।

ক. নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব হাসান এর মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব হাসান এর নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

http://teachingbd.com

২. ▶ সামাদ তালুকদার এর ব্যবসায়ের রেওয়ামিল ও সমন্বয়সমূহ নিম্নরূপ :

**সামাদ তালুকদার**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ১০% বন্ধকি ঋণ (১.৭.১৫) | | | ১,০০,০০০ |
| ২. | ১২% সঞ্চয়পত্র | | ২০,০০০ | |
| ৩. | ব্যাংক জমা | | ১৪,০০০ | |
| ৪. | হাতে নগদ | | ২৫,০০০ | |
| ৫. | মূলধন (১.১.১৫) | | | ১,৮০,০০০ |
| ৬. | অফিস সরঞ্জাম | | ৫০,০০০ | |
| ৭. | যন্ত্রপাতি | | ১,৬২,০০০ | |
| ৮. | উত্তোলন | | ৫০,০০০ | |
| ৯. | দেনাদার ও পাওনাদার | | ৩৫,০০০ | ২৫,০০০ |
| ১০. | অতিরিক্ত মূলধন (১.৭.১৫) | | | ৫০,০০০ |
| ১১. | অগ্রিম ভাড়া ও বকেয়া মনিহারি | | ৩,০০০ | ২,০০০ |
| ১২. | অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ১,০০০ | ৬,০০০ |
| ১৩. | বন্ধকি ঋণের সুদ | | ৩,০০০ | |
| | | | ৩,৬৩,০০০ | ৩,৬৩,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩৩,০০০ টাকা এবং বাজারমূল্য ৩৭,০০০ টাকা। ২. মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। ৩. চলতি বছরে মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৩,০০০ টাকা। ৪. স্থায়ী সম্পদের ওপর ৩% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. সামাদ তালুকদারের ব্যবসায়ের চলতি অনুপাত নির্ণয় করো। ২

খ. সামাদ তালুকদারের নিট মুনাফা ১৬,৭৯০ টাকা ধরে মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

গ. সামাদ তালুকদারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ বিভাগ

৩. ▶ জনাব রহমান ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাবভুক্ত করেন। ২০১৫ সালের মার্চ মাসে ব্যবসায়ের

http://teachingbd.com

লেনদেনগুলো নিম্নরূপ ছিল :

মার্চ ১ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৩ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
" ৪ ৩,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান।
" ৫ ভাড়া বকেয়া ২,৫০০ টাকা।
" ৭ বেতন বকেয়া ৪,০০০ টাকা।
" ১০ ৫,৫০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. ব্যবসায়িক লেনদেন নয়, এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ছকের সাহায্যে দেখাও। ৪

গ. বিবরণী ছকে লেনদেনগুলোর ওপর হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

**৪.▶** জনাব ইদ্রিস আলীর ব্যবসায়ের ২০১৫ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

২০১৫
জুন ১ নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা।
" ২ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা।
" ৪ নিউমার্কেট হতে ধানমন্ডি ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।
" ৮ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।
" ১২ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
" ১৪ বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা।
" ২০ নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৩,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জুন ১ তারিখে ক্রীত মেশিন ৬০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত? ৪

**৫.▶** জনাব নাজিম কিশোরগঞ্জের একজন পাইকারি ব্যবসায়ী। ২০১৫ সালের জুলাই মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়েছে :

জুলাই ৭ মুন এর নিকট ৭% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং ১৮৫। বিমা খরচ ৫০০ টাকা।
" ১৩ মনিহারি দ্রব্য ক্রয় ১২,০০০ টাকা।
" ১৪ রমিজের নিকট ২.৫% বাট্টায় ২০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৯৮। প্যাকিং খরচ ৪০০ টাকা।
" ১৫ জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৫,০০০ টাকা।
" ২০ বিনামূল্যে পণ্য বিতরণ ২,০০০ টাকা।

http://teachingbd.com

” ২৪ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৫০০ টাকা।
” ৩০ বাট্টা প্রদান ২,০০০ টাকা।

ক. জুলাই ১৩ তারিখের লেনদেনের সাহায্যে একটি ডেবিট ভাউচার প্রস্তুত করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. জুলাই ১৫ থেকে ৩০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

৬.▶ জনাব লোকমান ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন নিম্নরূপ :

জানু. ২ ৫% বাট্টায় নগদে মাল ক্রয় ৪০,০০০ টাকা।
” ১০ পুরাতন আসবাবপত্র মেরামত ব্যয় ৫,০০০ টাকা।
” ১৫ পণ্য বিক্রয় করে চেক প্রাপ্তি এবং চেকখানি সাথে সাথে ব্যাংকে জমা দান ৫০,০০০ টাকা।
” ২৫ মালিকের ব্যক্তিগত টাকার ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় ২৫,০০০ টাকা।
” ২৮ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৬,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১০-২৮ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

৭.▶ ২০১৫ সালের ১ মে তারিখে জনাব রবিউল নগদ ১,০০,০০০ টাকা, ৬০,০০০ টাকার পণ্যদ্রব্য ও ১,৪০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে অন্যান্য কয়েকটি লেনদেন নিম্নরূপ :

মে ১০ বহিঃফেরত ২,০০০ টাকা।
” ১৩ ধারে বিক্রয় ১০,০০০ টাকা।
” ২০ দেনাদার হতে প্রাপ্তি ৫,০০০ টাকা।
” ৩০ বাট্টা প্রাপ্তি ১,০০০ টাকা।

ক. জনাব রবিউলের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদান হিসাব, বিক্রয় হিসাব, দেনাদার হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো। ৪

৮.▶ তিস্তা এন্টারপ্রাইজের ২০১৫ সালের আগস্ট মাসের ১ তারিখে নগদ ও ব্যাংক জমার উদ্বৃত্তের পরিমাণ যথাক্রমে ৫,০০০ টাকা এবং ৮,০০০ টাকা। উক্ত মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

Teachingbd.com

| | | |
|---|---|---|
| আগস্ট | ২ | দেনাদারের নিকট হতে ৮,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে সাপেক্ষে ৭,৮০০ টাকা পাওয়া গেল। |
| " | ৮ | মি. জব্বারকে ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ৪,৭০০ টাকা প্রদান করা হলো। |
| " | ৯ | ১০% কারবারি বাট্টায় নির্জনের নিকট বিক্রয় ৫,০০০ টাকা। |
| " | ১০ | পুরাতন আসবাবপত্র বিক্রয় করে পেলেন ১০,০০০ টাকা। |
| " | ২০ | নগদে বিক্রয় ১০,০০০ টাকা। |
| " | ২৫ | বেতন বাবদ নগদ ২,০০০ টাকা এবং ভাড়া বাবদ চেক মারফত ৪,০০০ টাকা পরিশোধ করেন। |
| " | ২৬ | মালিক কর্তৃক নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ৫০০ টাকা। |
| " | ২৮ | ২০০ টাকা বাট্টা সাপেক্ষে রিপনের নিকট থেকে ২,৮০০ টাকার একটি চেক পাওয়া গেল। |

ক. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে তিস্তা এন্টারপ্রাইজের অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে একটি উপযুক্ত নগদান বই তৈরি করো। ৪

৯.▶ মেসার্স এঞ্জেল ব্রাদার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান হিসাবের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

১০% বিনিয়োগ (১.১.১৫) ২৫,০০০ টাকা; ক্রয় ১,০৪,৭০০ টাকা; বিক্রয় ১,৮৯,৬০০ টাকা; আন্তঃপরিবহন ১১,৪০০ টাকা; মজুদপণ্য (৩১.১২.১৫) ৩৭,০০০ টাকা; মূলধন ৯০,০০০ টাকা; যন্ত্রপাতি ৩০,০০০ টাকা; জীবন বিমার প্রিমিয়াম ১০,০০০ টাকা; বকেয়া বেতন ১০,৫০০ টাকা; নগদ তহবিল (১.১.১৫) ১৭,৫০০ টাকা; অগ্রিম শিক্ষানবিশ সেলামি ২,০০০ টাকা; ভাড়া ও কর ১৫,৮০০ টাকা; প্রাপ্য হিসাব ২৮,৫০০ টাকা; প্রদেয় হিসাব ২১,৪০০ টাকা; আমদানি শুল্ক ৪,০০০ টাকা; বিনিয়োগের প্রাপ্য সুদ ২,৫০০ টাকা; ভূমি ও দালানকোঠা ৬০,০০০ টাকা; ব্যাংক জমা (৩১.১২.১৫) ২১,৬০০ টাকা।

ক. মেসার্স এঞ্জেল ব্রাদার্সের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. মেসার্স এঞ্জেল ব্রাদার্সের হিসাব উদ্বৃত্তসমূহের গাণিতিক শুদ্ধতা যাচাই করো। ৪

গ. মেসার্স এঞ্জেল ব্রাদার্সের মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

http://teachingbd.com

১০.▶ মওলা ব্রিকস চলতি মৌসুমে সর্বমোট ৫ লক্ষ ইট প্রস্তুত করতে নিম্নোক্ত ব্যয়গুলো নির্বাহ করে :

| | |
|---|---|
| মাটি ক্রয় | ৪,০০,০০০ টাকা |
| মাটির পরিবহন খরচ | ১,০০,০০০ টাকা |
| কয়লা খরচ | ৫,০০,০০০ টাকা |
| মাটি ছানা করার খরচ | ৫০,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১,৫০,০০০ টাকা |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১,০০,০০০ টাকা |
| অফিস খরচাবলি | ৩০,০০০ টাকা |
| ইট বিক্রয় ও বিতরণ খরচ | ৪০,০০০ টাকা |

ক. মওলা ব্রিকসের ইটের রূপান্তর ব্যয় নির্ণয় করো। ২

খ. মওলা ব্রিকসের ইটের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪

গ. মোট ব্যয়ের ওপর ২০% মুনাফায় ইট বিক্রয় করলে, প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১.▶ জনাব মামুন ১৫,০০০ টাকা মাসিক বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়া তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসিক ৬,০০০ টাকা সম্মানী পান। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে তার পরিবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

নগদ তহবিল ৩০,০০০ টাকা; বাড়িঘর ৫,০০,০০০ টাকা; বিনিয়োগ ৬০,০০০ টাকা; বন্ধকি ঋণ ৮০,০০০ টাকা; আসবাবপত্র ৫০,০০০ টাকা; গহনাপত্র ৯০,০০০ টাকা এবং পাওনাদার ২০,০০০ টাকা।

উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন হলো—

| | |
|---|---|
| খাদ্য সামগ্রী ক্রয় | ২৫,০০০ টাকা |
| দৈনন্দিন বাজার খরচ | ৫৪,০০০ টাকা |
| শিক্ষা খরচ | ৩০,০০০ টাকা |
| কাপড় ক্রয় | ১২,০০০ টাকা |
| কম্পিউটার ক্রয় | ২৬,০০০ টাকা |
| গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ২৪,০০০ টাকা |
| ব্যাংকে স্থায়ী আমানত | ১৮,০০০ টাকা |
| খবরের কাগজ | ২,০০০ টাকা |

ক. জনাব মামুনের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বছর শেষে জনাব মামুনের পরিবারের নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত পরিবারের আয়ের উদ্বৃত্ত/ঘাটতি নির্ণয় করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বিষয় কোড: ১ ৪ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোন ক্ষেত্রে দুতরফা দাখিলা পদ্ধতির কোন বিকল্প নেই?
ক) লেনদেন সনাক্তকরণে
খ) লেনদেন লিপিবদ্ধকরণে
গ) প্রকৃত আর্থিক অবস্থা জানতে
ঘ) কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে

২. অফিস কর্মচারীকে বেতন প্রদান করলে সুবিধাপ্রাপ্ত হিসাবখাত কোনটি?
ক) বেতন হিসাব
খ) নগদান হিসাব
গ) অফিস সরঞ্জাম হিসাব
ঘ) কমিশন হিসাব

৩. বিদ্যালয়ের মাঠ উন্নয়ন কোন জাতীয় ব্যয়?
ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
খ) মুনাফা জাতীয় ব্যয়
গ) মূলধন জাতীয় ব্যয়
ঘ) আবর্তক ব্যয়

৪. লেনদেনের পক্ষে প্রয়োজনীয় দলিল হচ্ছে—
i. চালান
ii. ক্যাশমেমো
iii. ক্রেডিট নোট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. পণ্য ক্রয় ও বিভিন্ন ব্যয়ের জন্য কী প্রস্তুত করা হয়?
ক) চালান খ) ক্রেডিট ভাউচার
গ) ক্যাশমেমো ঘ) ডেবিট ভাউচার

৬. পাওনা চিঠি তৈরি করেন কে?
ক) পাওনাদার খ) ক্রেতা
গ) বিক্রেতা ঘ) দেনাদার

৭. ভাউচার কত প্রকার?
ক) ২ খ) ৫
গ) ৪ ঘ) ৩

৮. প্রতিটি লেনদেনের ক্ষেত্রেই প্রযোজ্য—
i. স্বয়ংসম্পূর্ণতা
ii. আলাদা স্বতন্ত্রতা
iii. নির্ভরশীলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. জীবন বিমার প্রিমিয়াম প্রদান করা হলে সুবিধা গ্রহনকারী হিসাব হবে কোনটি?
ক) বিমা প্রিমিয়াম হিসাব
খ) নগদান হিসাব
গ) উত্তোলন হিসাব
ঘ) মূলধন হিসাব

১০. আমরা ব্যবসায়ে মোট কয় ধরনের হিসাব দেখতে পাই?
ক) ২ ধরনের খ) ৩ ধরনের
গ) ৪ ধরনের ঘ) ৫ ধরনের

১১. কার্যপত্র প্রস্তুত করা হয় হিসাবচক্রের কোন ধাপে?
ক) ৭ম ধাপে খ) ৬ষ্ঠ ধাপে
গ) ৫ম ধাপে ঘ) ৪র্থ ধাপে

১২. কোনটির নামে কখনও হিসাব খোলা হয় না?
i. চেক
ii. মাল
iii. পণ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. বিনিয়োগের সুদ কোন জাতীয় আয়?
ক) মুনাফা জাতীয় আয়
খ) মূলধন জাতীয় আয়
গ) পরিচালন আয়
ঘ) কোনটি নয়

১৪. কোন জাতীয় ব্যয়ের উপযোগিতা পরবর্তী হিসাবকালেও পাওয়া যায়?
ক) মুনাফা জাতীয় ব্যয়
খ) মূলধন জাতীয় ব্যয়
গ) পরিচালন ব্যয়
ঘ) অপরিচালন ব্যয়

১৫. নিচের কোনটি মূলধন জাতীয় ব্যয়?
ক) জমি ক্রয় খ) পণ্য ক্রয়
গ) বিলম্বিত বিজ্ঞাপন ঘ) সম্পত্তির মেরামত ব্যয়

১৬. মালিক কর্তৃক প্রদত্ত মূলধনকে ব্যবসায়ে কী বলা হবে?
ক) মূলধন জাতীয় আয়
খ) মূলধন জাতীয় প্রাপ্তি
গ) মূলধন জাতীয় ব্যয়
ঘ) মুনাফা জাতীয় আয়

Teachingbd.com

১৭. কোনটি বিলম্বিত ব্যয়?
ক) বেতন প্রদান খ) ভাড়া প্রদান
গ) আসবাবপত্র ক্রয় ঘ) পণ্য তৈরির গবেষণা ব্যয়

১৮. কোনটি ধারবাহিকতাটি সঠিক?
ক) রেওয়ামিল, সমন্বয় দাখিলা, কার্যপত্র, আর্থিক বিবরণী
খ) রেওয়ামিল, সমন্বয় দাখিলা, আর্থিক বিবরণী কার্যপত্র
গ) রেওয়ামিল, কার্যপত্র, আর্থিক বিবরণী, সমন্বয় দাখিলা
ঘ) সমন্বয় দাখিলা, কার্যপত্র, আর্থিক বিবরণী, রেওয়ামিল

১৯. মুনাফাজাতীয় আয় ব্যয় ও উত্তোলন হিসাব বন্ধ করার জন্য কোন দাখিলা দেওয়া হয়?
ক) প্রারম্ভিক খ) সমাপনী
গ) সমন্বয় ঘ) বিপরীত

২০. কোন নীতি অনুসারে প্রতিটি ব্যবসায় প্রতিষ্ঠান অনির্দিষ্টকাল পর্যন্ত চলবে?
ক) ব্যবসায়িক স্বত্বা খ) চলমান ধারণা
গ) হিসাবকাল ধারণা ঘ) রক্ষণশীল ধারণা

২১. আন্তর্জাতিক হিসাবমান-০১ অনুযায়ী আর্থিক বিবরণী কয়টি অংশে প্রস্তুত করা হয়?
ক) ৬টি খ) ৫টি
গ) ৪টি ঘ) ৩টি

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
মূখ্য ব্যয় ১,০০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ২০,০০০ টাকা, প্রশাসনিক উপরিব্যয় ১০,০০০ টাকা, বিক্রয় উপরিব্যয় ২০,০০০ টাকা এবং ব্যয়ের উপর ২০% মুনাফা ধরা হয়।

২২. মুখ্য ব্যয়ের উপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?
ক) ২০% খ) ১৫%
গ) ২৫% ঘ) ৩০%

২৩. বিক্রয়ের পরিমাণ কত?
ক) ১,৮০,০০০ টাকা
খ) ১,৮৫,০০০ টাকা
গ) ২,৮০,০০০ টাকা
ঘ) ২,০০,০০০ টাকা

২৪. ২০০টি শার্ট তৈরির মূখ্য ব্যয় ৪০,০০০ টাকা এবং মোট ব্যয় ৬০,০০০ টাকা হলে মোট উপরিব্যয় কত?
ক) ২০,০০০ খ) ৪০,০০০
গ) ৬০,০০০ ঘ) ১,০০,০০০

উদ্দীপকটি পড়ো এবং ২৫-২৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রায়হানের কারবারে কুঋণ ২,৫০০ টাকা, অফিস খরচ ১২,০০০ টাকা, বিনিয়োগের সুদ ৩,০০০ টাকা এবং ঋণের সুদ ৫,০০০ টাকা দেখানোর পর নিট পরিচালন মুনাফা দাঁড়ায় ৬৮,০০০ টাকা।

২৫. জনাব রায়হানের মোট পরিচালন ব্যয়ের পরিমাণ কত?
ক) ১৯,৫০০ খ) ১৬,৫০০
গ) ১৪,৫০০ ঘ) ২২,৫০০

২৬. নিট মুনাফা বৃদ্ধির জন্য জনাব রায়হানের নিচের কোনটি হ্রাস করা উচিত?
ক) অফিস খরচ খ) কুঋণ
গ) ঋণের সুদ ঘ) বিনিয়োগের সুদ

২৭. জনাব রায়হানের পরিচালন ব্যয়ের অন্তর্ভুক্ত খরচগুলো হচ্ছে—
i. কুঋণ
ii. অফিস খরচ
iii. ঋণের সুদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. অনুপ ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন ৩০,০০০ টাকা, উত্তোলনের পরিমাণ ৫,০০০ টাকা, নিট লাভের পরিমাণ ১০,০০০ টাকা। অনুপ ট্রেডার্সের বছরান্তে মালিকানা স্বত্বের পরিমাণ কত?
ক) ৪৫,০০০ খ) ৪০,০০০
গ) ৩৫,০০০ ঘ) ২০,০০০

২৯. জনাব আফজাল ৫,০০০ টাকার পণ্য বিক্রয় করে বিক্রীত পণ্যের মূল্য মূলধন হিসাবে ক্রেডিট করেছেন। জনাব আফজাল কোন ধরনের ভুল করেছেন?
ক) পরিপূরক ভুল খ) নীতিগত ভুল
গ) লেখার ভুল ঘ) বেদাখিলার ভুল

৩০. মিসেস আমিনা ব্যাংকে ১,০০০ টাকা জমা দিল। আর এ লেনদেনটির মাধ্যমে ব্যবসায়ের—
i. সম্পদ বৃদ্ধি পাবে ১,০০০ টাকা
ii. সম্পদ হ্রাস পাবে ১,০০০ টাকা
iii. আয় বৃদ্ধি পাবে ১,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

http://teachingbd.com